সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
Sylhet Palli Bidyut Samity-2
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

E-mail : sylhetpbs2@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯১৫৩.৫৫৮.০১.০১৩.২০২৬. ১১৯৩

তারিখ ২৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৯ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

"জমি ক্রয়ের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিয়ন্ত্রনাধীন কানাইঘাট জোনাল অফিসের আওতায় কানাইঘাট-৩ এবং কোম্পানীগঞ্জ জোনাল অফিসের আওতায় কোম্পানীগঞ্জ-৩ নির্মাণের লক্ষ্যে নিম্নবর্ণিত এলাকায় পবিস এর নিজস্ব অর্থায়নে জমি ক্রয় করা হবে। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত এলাকায় জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে বিস্তারিত তথ্যাদি সহকারে দরপত্র/আবেদন আহবান করা যাচ্ছেঃ

ক্র. নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম, ধরণ এবং ক্ষমতা	জমির পরিমাণ	উপজেলা ও জেলার নাম	জমির অবস্থান	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১	কানাইঘাট-৩	৪০ শতাংশ	কানাইঘাট, সিলেট	মৌজাঃ মানিকপুর থানাঃ কানাইঘাট জেলাঃ সিলেট শ্রেণীঃ নাল	সিলেট ও জকিগঞ্জ হাইওয়ের পাশে, সড়কের বাজার অভিযোগ কেন্দ্র সংলগ্ন মানিকপুর মৌজা বা তার নিকটবর্তী রাস্তার পাশে হতে হবে।
০২	কোম্পানীগঞ্জ-৩	৪০ শতাংশ	গোয়াইনঘাট, সিলেট	মৌজাঃ বহর ও মিত্রিমহল থানাঃ গোয়াইনঘাট জেলাঃ সিলেট শ্রেণীঃ নাল	সিলেট ও কোম্পানীগঞ্জ হাইওয়ের পাশে, নির্মাণাধীন হাইটেক পার্ক সংলগ্ন কোম্পানীগঞ্জ গ্রীডের পাশে সালুটিকর অভিযোগ কেন্দ্র সংলগ্ন বহর ও মিত্রিমহল মৌজা বা তার নিকটবর্তী রাস্তার পাশে হতে হবে।

প্রযোজ্য শর্তাবলীঃ-

০১। বর্ণিত বর্ণনানুযায়ী কানাইঘাট-৩ ও কোম্পানীগঞ্জ-৩ বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য প্রতিটি ৪০ শতাংশ জমি (উল্লেখ্য যে, জমির পরিমাণ কম/বেশি হতে পারে) উল্লিখিত স্থানে (কলাম-৫ এ বর্ণিত) এবং বৈদ্যুতিক লোড সেন্টার/লোড সেন্টারের কাছাকাছি হতে হবে।

০২। প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য একটি দাগে বর্ণিত পরিমাণ জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী এক বা একাধিক দাগের মালিকগণ একত্রে জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন।

০৩। যে বৈদ্যুতিক উপকেন্দ্রের জন্য জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করবেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪। বিক্রয়তব্য জমি অবশ্যই নিষ্কন্টক হতে হবে। দরপত্র/আবেদনের সাথে জমির দৈর্ঘ্য ও প্রস্থ এবং প্রতি শতাংশ জমির একক মূল্য (টাকা) ও জমির মোট পরিমাণের হিসেবে সর্বমোট মূল্য (টাকা) উল্লেখসহ জমির দলিলের ফটোকপি; সিএস, এসএ, আরএস এবং বিএস খতিয়ান-এর ফটোকপি; জমির নামজারির ফটোকপি; সর্বশেষ খাজনা/ভূমি কর পরিশোধের ফটোকপি; বায়া দলিলের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌজা ম্যাপ এর ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।

০৫। বিক্রয়তব্য জমির বিপরীতে প্রযোজ্য দর দাখিল পরবর্তী সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নির্ধারিত জমি ক্রয় কমিটি কর্তৃক জমির ক্রয়ের নির্ধারিত গাইডলাইন অনুসরণ করতঃ জমির মালিক/মালিকগণের সাথে দাখিলকৃত দর কমানোর ক্ষেত্রে প্রযোজ্য নেগোসিয়েশন সম্পন্ন করবেন এবং যৌক্তিক দর নির্ধারণ করবেন। এক্ষেত্রে, জমির মালিক/মালিকগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

(চলমান পাতা)

Scanned with CamScanner

০৬। নিয়মানুযায়ী প্রযোজ্য যাচাই-বাছাই সম্পন্ন করতঃ ক্রয়ের জন্য নির্ধারিত জমির মূল্য জমির মালিক/মালিকগণের নামে "একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হবে এবং সরকারী নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশন বাবদ যাবতীয় ব্যয় ক্রেতা অর্থাৎ সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক বহন করা হবে। তবে সরকারী নিয়মানুযায়ী বিক্রয়তব্য জমির মূল্যের বিপরীতে প্রযোজ্য "উৎসে কর" জমির মালিক/মালিকগণকে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত এলাকা সমূহে উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে অথবা আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ০৩/১২/২০২৬ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতঃ "জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, দরবস্ত, জৈন্তাপুর, সিলেট" বরাবর দরপত্র/আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বর্ণিত বিষয়ে আরোও বিস্তারিত তথ্যের জন্য "জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, দরবস্ত, জৈন্তাপুর, সিলেট " এই ঠিকানায় স্বশরীরে যোগাযোগ করা যাবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল নং- ০১৭৬৯-৪০২১২২ [ডিজিএম (সদর-কারিগরি)] ও ০১৭৬৯-৪০০৭৯৭ [এজিএম (প্রশাসন)] এ যোগাযোগ করা যাবে।

(প্রকৌ. মাসুদুর রহমান)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)
সিলেট পবিস-২।

অনুলিপিঃ (সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট-এ বহুল প্রচারের অনুরোধ সহ)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। পুলিশ সুপার, সিলেট।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,----------পবিস ১/২/৩/৪
০৬। মেয়র, পৌরসভা কার্যালয়, সিলেট।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, সিলেট।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/জৈন্তাপুর/কানাইঘাট/কোম্পানীগঞ্জ/গোয়াইনঘাট।
১০। ডিজিএম, কারিগরী-সদর/কানাইঘাট /কোম্পানীগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস -২।
১১। এজিএম, গোয়াইনঘাট/শিবের বাজার/গাছবাড়ী সাব-জোনাল অফিস, সিলেট পবিস -২।
১২। এজিএম (অর্থ), সিলেট পবিস -২।
১৩। এজিএম (আইটি), সিলেট পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ) ।
১৪। মেসার্স .....
১৫। নোটিশ বোর্ড, সিলেট পবিস -২।
১৬। অফিস/মাস্টার কপি।

(প্রকৌ. মাসুদুর রহমান)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)
সিলেট পবিস-২।

Scanned with CamScanner